# বৈশ্বিক যুদ্ধের প্রভাবে ব্যাংক খাত ঝুঁকিতে: মির্জা আব্বাস



মির্জা আব্বাস। ছবি: সংগৃহীত

মধ্যপ্রাচ্য ঘিরে বাড়তে থাকা সামরিক উত্তেজনার প্রভাব বাংলাদেশের অর্থনীতি ও আর্থিক খাতে পড়তে পারে বলে সতর্ক করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা মির্জা আব্বাস।

রোববার (৮ মার্চ) বাংলাদেশ কৃষি ব্যাংক আয়োজিত দোয়া ও ইফতার অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ইরানকে কেন্দ্র করে ইসরায়েল ও যুক্তরাষ্ট্র–এর সঙ্গে চলমান সংঘাত দীর্ঘস্থায়ী হলে দেশের সাধারণ মানুষ যেমন বিপাকে পড়বে, তেমনি ব্যাংকিং খাতও কঠিন চাপে পড়তে পারে।

তিনি আশঙ্কা প্রকাশ করেন, বৈশ্বিক অস্থিরতার কারণে আমদানি-রপ্তানি কার্যক্রমে বড় ধরনের ব্যাঘাত ঘটতে পারে। যুদ্ধ পরিস্থিতির শেষ কোথায় তা স্পষ্ট নয় বলেও উল্লেখ করেন তিনি।

রাজনৈতিক প্রসঙ্গে মির্জা আব্বাস বলেন, তার প্রতিপক্ষ উদ্দেশ্যপ্রণোদিতভাবে বিভ্রান্তিকর তথ্য ছড়াচ্ছে, যা নৈতিকতা ও আন্তর্জাতিক মানদণ্ডের পরিপন্থী।

তিনি আরও অভিযোগ করেন, ক্ষমতার মোহে কিছু পক্ষ দেশকে অস্থিতিশীলতার দিকে ঠেলে দিচ্ছে। একই সঙ্গে বর্তমান সময়ে দেশ ঋণের ভারে চাপে রয়েছে বলেও মন্তব্য করেন এই বিএনপি নেতা।